জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৮.০৬.০৩৩.১৮-১৫১

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নে ৩য় অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২.০৩.২০২১ তারিখে জনাব মোঃ সেলিম রেজা, সচিব, রেলপথ মন্ত্রণালয়-এঁর সভাপতিত্বে 'অংশীজনের অংশগ্রহণ' সংক্রান্ত ৩য় সভা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যবিবরণীর ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(খোন্দকার মো: নাজমুল হুদা শামিম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: +৮৮০২৪১০৫০২৪৩
ই-মেইল: admin2@mor.gov.bd

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/এমএন্ডসিপি/অপারেশন/আই/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে
৮। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম); ঢাকা/পাকশী/লালমনিরহাট/চট্টগ্রাম, বাংলাদেশ রেলওয়ে।
১০। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩। চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই আন্দোলন, ৭০ কাকরাইল, ঢাকা-১০০০
১৪। চেয়ারম্যান, পরিবেশ বাচাঁও আন্দোলন, বাড়ী ৫৮/১, ১ম লেন, কলাবাগান, ঢাকা-১২০৫
১৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন, ৯/১২ ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
১৬। জনাব সাজিয়া বিনতে সালেহ্, কো-অর্ডিনেটর, জন্স হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রাম, এসএনটি টাওয়ার (১৯ তলা), ৩৩, বনানী, ঢাকা।
১৭। সভাপতি, যাত্রী অধিকার সংরক্ষণ পরিষদ, ৭৪ কাকরাইল(৪র্থ তলা), রমনা, ঢাকা ।
১৮। জনাব আতিকুর রহমান, প্রকল্প কর্মকর্তা, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট (ডাব্লিউবিবি ট্রাস্ট), ১৪/৩/এ জাফরাবাদ, রায়ের বাজার, ঢাকা-১২০৭

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-২ অধিশাখা

www.mor.gov.bd

**বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নে ৩য় অংশীজন সভা'র কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ সেলিম রেজা**<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২২.০৩.২০২১ খ্রি. |
| সময় | : | বিকাল ৩.০০টা। |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০), রেলভবন, ঢাকা। |

**০১। সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিবগণ, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালকগণ, রেল পুলিশের ডিআইজি, বিভিন্ন পর্যায়ের অংশীজনসহ রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট-'ক'**-তে উপস্থাপন করা হলো।

**০২। সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সভার প্রেক্ষাপট বর্ণনা করে মুজিববর্ষে রেলপথকে সাশ্রয়ী, আরামদায়ক ও নিরাপদ গণপরিবহনে পরিণত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি রেলপরিসেবা জনবান্ধব, আরামদায়ক ও সাশ্রয়ী গণপরিবহনে পরিণত করতে রেলপথ মন্ত্রণালয়ের কাজকে বেগবান করার ক্ষেত্রে অংশীজনের মতামতের ব্যাপক গুরুত্ব রয়েছে মর্মে মত ব্যক্ত করেন। তিনি বলেন অতীতের যে কোনো সময়ের তুলনায় রেলপথ মন্ত্রণালয় সাম্প্রতিক বছরগুলোতে অনেক বেশি বাজেট বরাদ্দ রয়েছে। জনগণের জন্য রেলসেবা নিশ্চিত করার জন্য এখন আমাদের সকলের দায়িত্ব বেড়ে গেছে। তিনি সভায় সকল অংশীজনকে রেলপথের উন্নয়নে কী করা যায় সে বিষয়ে গঠনমূলক পরামর্শ ও আলোচনায় অংশগ্রহণ করার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে গত ২১.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি সিনিয়র সহাকারী সচিব (সমন্বয়) অধিশাখা সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

অতঃপর সভায় উপস্থিত অংশীজনবৃন্দ, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। আলোচনায় জনাব আবু নাসের খান, চেয়ারম্যান, পরিবেশ বাঁচাও আন্দোলন (পবাআ), জনাব মো: আতিকুর রহমান, প্রকল্প কর্মকর্তা, ওয়ার্ক ফর বেটার বাংলাদেশ ট্রাস্ট (ডব্লিউবিবিট্রি) এবং জনাব জিয়াউর রহমান, সিনিয়র প্রজেস্ট অফিসার, (ডব্লিউবিবিটি),বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতি: মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, ঢাকা ও লালমনিহাট আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করেন।

**০৩। সভার বিস্তারিত আলোচনা সংক্ষেপে নিম্নে উপস্থাপন করা হলো:**

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১। | **উন্নয়ন প্রকল্পের সকল সেবামূলক কার্যক্রমের তথ্য ডিজিটাইজড করণ**<br>আলোচনার প্রারম্ভে চেয়ারম্যান (পবাআ) জানান যে, বাংলাদেশ রেলওয়ের যে সকল উন্নয়নমূলক এবংসেবামূলক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে জনগণকে অবহিত করা প্রয়োজন। | (১) উন্নয়ন প্রকল্পের সকল অগ্রগতির তথ্য ও অন্যান্য নিয়মিতসেবামূলক কার্যক্রমের তথ্য ডিজিটালাইজড করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এ বিষয়ে উন্নয়ন প্রকল্প ও সেবামূলক কার্যক্রম সমূহ ডিজিটাইজেশন প্রয়োজন। তিনি নিরবিচ্ছিন্ন প্রচারের স্বার্থে ডিজিটাইজড করার প্রস্তাব করেন। গৃহীত আলোচনায় এ বিষয়ে বিআর এর বহুমুখী পদক্ষেপ যেমন: টিকেট ট্রেকিং, অনলাইন টিকিট ও অ্যাপস প্রস্তুতের বিষয়ে সভাকে অবহিত করা হয়। | | |
| ৩.২। | **লেভেলক্রসিং এর গেইটম্যানদের নির্দিষ্ট পোশাক প্রদান**<br>সভায় লেভেলক্রসিং এর সকল গেইটম্যানদের নির্দিষ্ট পোশাক প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, বিআর এর গেইটম্যানসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারিদের নির্দিষ্ট পোশাক প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। | (১)বাংলাদেশ রেলওয়ের গেইটম্যানদের নির্দিষ্ট পোশাক পরিধান নিশ্চিত করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৩। | **ডকুমেন্টারী তৈরি**<br>সভায় ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয় এর উদ্যোগে গৃহীত স্বাধীনতা দিবসের ৫০ বছর উদ্‌যাপন ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ৫০টি স্টেশন ও ১০০টি ক্যারেজের উন্নয়নের জন্য গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। যথাযথ প্রচার না হওয়ায় জনগণ এ সম্পর্কে অবহিত নয়। রেলপথ মন্ত্রণালয়ের সকল প্রকার উন্নয়নমূলক ও সেবামূলক কাজের এবং বড় বড় প্রকল্পের ডকুমেন্টারী তৈরি করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) রেলপথ মন্ত্রণালয় এর সকল প্রকার উন্নয়নমূলক কাজের অগ্রগতি বিষয়ে ও বড় বড় প্রকল্পের ডকুমেন্টারী তৈরি করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (পরি: ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়।<br>(৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট। |
| ৩.৪। | **নিয়মিত ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ**<br>সভায় উপস্থিত অংশীজগণ বর্তমানে রেলের টিকেটের মূল্য ফেরৎ ও কোভিড-১৯ দুর্যোগকালীন সময়ে রেলের মাধ্যমে খাদ্য সরবরাহের প্রশংসা করা হয়। সভায় উন্নয়নমূলক কার্যক্রমসমূহের হালনাগাদ তথ্য প্রদানের বিষয়ে গুরুত্বরোপ করা হয়। অধিকন্তু রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সকল উন্নয়নমূলক কার্যক্রমের তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে এবং সম্ভব হলে সাধারণ জনগণের জন্য বাংলায় তথ্য আপলোড করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও আলোচনাকালে ট্রেন দুর্ঘটনার বিষয়ে তদন্ত প্রতিবেদনসমূহ জনগণের জন্য ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে প্রস্তাব করা হয়। | (১) রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের উন্নয়নমূলক কার্যক্রমসহ সকল তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। সম্ভাব্য সকলক্ষেত্রে তথ্য বাংলায় আপলোড করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>(২) অতিরিক্ত সচিব (পরি: ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়।<br>(৩) প্রকল্প পরিচালক (সকল)<br>(৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট। |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৫। | **রেলে সরবরাহকৃত খাবারের মান উন্নতকরণ**<br>সভায় বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনে বিশেষ করে সুবর্ণ এক্সপ্রেস ট্রেনে ক্যান্টিনের খাবারের মান উন্নত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। খাবারের মান উন্নত না হলে প্রয়োজনে দায়িত্ব পালনকারী প্রতিষ্ঠান পরিবর্তন করার বিষয়ে আলোচনা হয়। | ১) সকল আন্তঃনগর ট্রেনে ক্যান্টিনের খাবারের মান উন্নত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>(২) জি এম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৬। | **ট্রেন ও স্টেশনে পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ**<br>সভায় যাত্রী সাধারণের জন্য আরামদায়ক এবং স্বাচ্ছন্দ্যপূর্ণ ভ্রমণ নিশ্চিত করার জন্য ট্রেন ও স্টেশনসমূহ, ট্রেনের ভিতরের পরিবেশ ও টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে গরুত্ব আরোপ করা হয়। ঘড়ির সময় সঠিক করা, বিদ্যুৎ ও পানি সরবরাহ নিশ্চিত করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়। | (১) ট্রেন ও স্টেশনসমূহ, ট্রেনের ভিতরের পরিবেশ ও টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন, বিদ্যুৎ ও পনি সরবরাহ নিশ্চিত করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>(২) জি এম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৭। | **বিদেশী পর্যটকদের জন্য ট্রেনের টিকিটের কোটা প্রদানের প্রস্তাব এবং ওয়ার্কসপ ও স্টেশনসমূহ আধুনিকায়ন**<br>সভায় আলোচনা কালে বিদেশী পর্যটকদের জন্য বিশেষ বিশেষ আন্ত:নগর ট্রেনের টিকিটের কোটা সংরক্ষণের প্রস্তাব করা হয়। ওয়ার্কসপ আধুনিকায়ন, বন্ধ স্টেশন চালু, প্রতিবন্ধীদের রেলে চলাচল সুগম করা, বিবর্ণ কোচ মেরামত ও রং করা, স্টেশনে টাইলস এর পরিবর্তে মোজাইক করার প্রস্তাব করা হয়। | (১) বিদেশী পর্যটকদের জন্য ট্রেনের টিকিটের কোটা প্রস্তাবের বিষয়ে পরীক্ষান্তে ব্যবস্থা নিতে হবে;<br>(২)ওয়ার্কসপ আধুনিকায়ন, বন্ধ স্টেশন চালু, প্রতিবন্ধীদের রেলে চলাচল সুগম করা, বিবর্ণ কোচ মেরামত ও রং করা, স্টেশনে টাইলস এর পরিবর্তে মোজাইক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>(২) জি এম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণালয়।